তারিখ ... 17 JUN 2016 ...
পৃষ্ঠা ...১৬... কলাম ...৩... ......

দৈনিক জনকণ্ঠ

# সকল বিশ্ববিদ্যালয়ে বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস ও বাংলা ভাষা কোর্স চালুর সিদ্ধান্ত

স্টাফ রিপোর্টার ॥ সকল বিশ্ববিদ্যালয়ে 'বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস' ও 'বাংলা ভাষা' নামে দুটি কোর্স চালু করার (১৫ পৃষ্ঠা ৭ কঃ-দেখুন)

## সকল বিশ্ববিদ্যালয়ে

(১৬-এর পৃষ্ঠার পর)

সিদ্ধান্ত নিয়েছে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি)। ইউজিসির পূর্ণ কমিশন সভায় এ সিদ্ধান্ত নিয়ে বলা হয়েছে, এ দুটি কোর্স চালু করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়েছে। তবে তা বাংলাদেশ স্টাডিজের বিকল্প হিসেবে নয়। এদিকে ইউজিসির এ সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছেন শিক্ষাবিদরা।

মঞ্জুরি কমিশন বলছে, ইউজিসি চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নানের সভাপতিত্বে অনুষ্ঠিত কমিশনের পূর্ণ কমিশন সভায় দেশের সকল বিশ্ববিদ্যালয়ে 'বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস' এবং 'বাংলা ভাষা' শীর্ষক কোর্স (বাংলাদেশ স্টাডিজের বিকল্প হিসেবে নয়) চালু করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়েছে। যে সকল বিশ্ববিদ্যালয়ে বিদেশী শিক্ষার্থী অধ্যয়ন করছে সক্ষমতা সাপেক্ষে সে সকল বিশ্ববিদ্যালয়ে এসব বিষয়ে বাংলার বিকল্প হিসেবে অন্য কোন বিদেশী ভাষায়ও কোর্স চালু করা যেতে পারে। এই সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দেশের সকল বিশ্ববিদ্যালয়কে অনুরোধ করারও সিদ্ধান্ত গৃহীত হয়েছে। ইউজিসির কর্মকর্তারা জানিয়েছেন, সকল বিশ্ববিদ্যালয়কে এখন আনুষ্ঠানিকভাবে এ দুটি বিষয় চালু করার জন্য চিঠি দেয়া হবে।

এদিকে ইউজিসির এ সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছেন শিক্ষাবিদরা। কমিশনের ওই সভায় ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। তিনি বলেন, ইউজিসির মিটিংয়ে আমরা নতুন দুটি বিষয় চালু করার সিদ্ধান্ত নিয়েছি। এটা একটি ভাল পদক্ষেপ। ঢাকাসহ অন্যান্য বিশ্ববিদ্যালয়েও এ কোর্স চালু হবে। ইউজিসির উদ্যোগকে স্বাগত জানিয়ে ইতিহাসবিদ অধ্যাপক ড. মুনতাসীর মামুন ইউজিসির উদ্যোগকে অত্যন্ত ইতিবাচক বলে মন্তব্য করেছেন। দেশের বিশিষ্ট এ শিক্ষাবিদ বলেন, আমরা ইতিহাস সম্মিলনীর পক্ষ থেকে বহুদিন ধরে এ দাবি জানিয়ে আসছি। জাতীয় বিশ্ববিদ্যালয় এখন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস পড়াচ্ছে। তবে বিষয় পড়ানোর মতো পর্যাপ্ত শিক্ষক নেই। জাতীয় বিশ্ববিদ্যালয়ও সেটা ভালভাবে মনিটরিং করতে পারছে না। তবে পরে হলেও ইউজিসি যে সিদ্ধান্ত নিয়েছে তা খুবই ভাল উদ্যোগ। কারণ একটা লোক দেশে পড়ালেখা করবে আর তার দেশের ইতিহাস জানবে না, ভাষা জানবে না এটা কখনই গ্রহণযোগ্য হতে পারে না।

অধ্যাপক মুনতাসীর মামুন একই সঙ্গে উদ্যোগ বাস্তবায়নের তাগিদ দিয়ে বলেন, একটা কোর্স চালু করলেই চলবে না। এটা যাতে বাস্তবায়ন হয় সেদিকে নজর দিতে হবে। দেশের সব ধরনের বিশ্ববিদ্যালয়-সেটা প্রকৌশল হোক, কৃষি হোক সকল বিশ্ববিদ্যালয়ে এটা যাতে চালু করা হয় তা নিশ্চিত করা জরুরী। তিনি জাতীয় বিশ্ববিদ্যালয়ের কথা উল্লেখ করে আরও বলেন, জাতীয় বিশ্ববিদ্যালয়ে অনেক কলেজ আছে যেখানে ইতিহাস পড়ানোর শিক্ষক নেই। শিক্ষা মন্ত্রণালয়ের উচিত ইতিহাসের শিক্ষক নিয়োগের উদ্যোগ নেয়া। আমরা কোন বিষয়ের বিরোধী নই। তবে ইসলামের ইতিহাস, ইসলামের শিক্ষা বিষয়ের শিক্ষক আছে ; কিন্তু ইতিহাস পড়ানোর শিক্ষক না এটা হতে পারে না।